

ভোবের কাগজ

JAN 28 2002

তারিখ

পৃষ্ঠা

কলাম

## ডা.বিত্তে য়োন হয়রানি অধ্যাপক সালামের পাশে দাঁড়ালেন স্ত্রী রেবেকা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক অধ্যাপক শেখ আব্দুস সালামের স্ত্রী রেবেকা সুলতানা তার স্বামীকে জড়িয়ে দৈনিক মানবজমিন গতকাল বৃহস্পতিবার যে সংবাদ প্রকাশ করেছে তার তীব্র প্রতিবাদ জানিয়েছেন। একই সঙ্গে তিনি বিভিন্ন পত্রিকায় সভ্য ঘটনা প্রকাশের জন্য অনুরোধ জানিয়েছেন।

রেবেকা সুলতানা বলেন, পিআইবি থেকে তার স্বামী চলে আসার পর মানবজমিন পত্রিকা দিনের পর দিন তার দুর্নাম করে বড় সংবাদ ছেপেছে-যার কোনো প্রমাণ মেলেনি শেষ পর্যন্ত।

তিনি বলেন, আমার রেফারেন্স দিয়ে মানবজমিন আমার স্বামী সম্পর্কে মিথ্যা লিখেছে। আমার সঙ্গে এই পত্রিকার কোনো রিপোর্টারের কথা হয়নি। মানবজমিন পত্রিকা মিথ্যা সংবাদ প্রকাশ করে আমার স্বামী এবং আমাদের পরিবারকে হেয় করার অপচেষ্টা চালাচ্ছে।